



ঠাকুরগাঁও-১ উপনির্বাচনে পাঁচ প্রার্থী পেলেন প্রতীক



ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বী পাঁচ প্রার্থীর মধ্যে নির্বাচনী প্রতীক দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকালে জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে আয়োজিত সভায় তাদের প্রতীক বরাদ্দ করা হয়।

বিএনপির মির্জা ফয়সল আমিন, জামায়াতের দেলাওয়ার হোসেন, খেলাফত আন্দোলনের আব্দুল আলীম নিজামী, ইসলামী আন্দোলনের খাদেমুল ইসলাম এবং বাংলাদেশ কংগ্রেসের হুসাইন মুহাম্মদ ওমর ফারুক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

প্রতীক বরাদ্দের সভায় নির্বাচনী আচরণবিধি মেনে প্রচারণা চালানোসহ বিভিন্ন বিষয় নিয়ে প্রার্থীদের সঙ্গে আলোচনা করেন রিটার্নিং কর্মকর্তা। প্রতীক পাওয়ার পরই আনুষ্ঠানিক প্রচারে নামেন প্রার্থীরা।

এর আগে আসনটির সংসদ সদস্য মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় ঠাকুরগাঁও-১ আসনটি শূন্য ঘোষণা করা হয়।